চিকিৎসার জন্য স্ত্রীসহ সিঙ্গাপুরে বিএনপি মহাসচিব মির্জা ফখরুল



বিমান বন্দরে মির্জা ফখরুল ইসলাম আলমগীর ও তার সহধর্মিণী রাহাত আরা বেগম। ছবি: সংগৃহীত

নিয়মিত স্বাস্থ্য পরীক্ষা করাতে সিঙ্গাপুরে গেছেন বিএনপি মহাসচিব মির্জা ফখরুল ইসলাম আলমগীর। সোমবার (৬ এপ্রিল) রাত ১১টা ৫৫ মিনিটে সিঙ্গাপুর এয়ারলাইন্সের একটি ফ্লাইটে ঢাকা ছাড়েন তিনি।

এ সফরে তার সঙ্গে রয়েছেন সহধর্মিণী রাহাত আরা বেগম।

বিষয়টি নিশ্চিত করেছেন বিএনপির মিডিয়া সেলের সদস্য শায়রুল কবির খান। তিনি জানান, নিয়মিত চিকিৎসা ও স্বাস্থ্য পরীক্ষা করানোর উদ্দেশ্যেই মির্জা ফখরুল ও তার স্ত্রী এই সফরে গেছেন।

LENS ASIA